অনেকের আপত্তি হবে জেনেও আমি নির্দ্বিধায় বলতে পারি, ৭০০ বছরের পরাধীন একটা জাতি, যা বহুদিন ধরে বিদেশীর দাসত্ব করছে—সে জাতি সম্ভবতঃ স্বামীজীর ওই প্রচণ্ড বীরত্বের উত্তরাধিকার ধারণে অসমর্থ ছিল। তারমধ্যে তাঁরই তৈরি রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসীরাও ব্যতিক্রম নন। তাঁদের মধ্যে অনন্য কর্মী ছিলেন, যোগী ছিলেন, সাধক ছিলেন, সেবক ছিলেন। কিন্তু স্বামীজীর শৌর্য্য, বীর্য, ক্ষাত্রতেজের উত্তরাধিকারী কেউ ছিলেন না। তাই তো তাঁর প্রিয় শিষ্যা ভগিনী নিবেদিতার স্থান হল না তাঁর মৃত্যুর পর মিশনে। বৃটিশ শাসকের রক্তচক্ষু থেকে রক্ষা পাবার জন্য মিশন কর্তৃপক্ষ, অর্থাৎ সন্ন্যাসীরা নিবেদিতাকে বিদায় করে দিলেন। সংস্থাকে বাঁচানোর জন্যই করলেন—তা ঠিক। কিন্তু এটাও তো ঠিক যে বৃটিশের রক্তচক্ষুকে তাঁরা ভয় পেতেন। সন্ন্যাসী, তাতে আবার বিবেকানন্দর গুরুভাই—তাঁরাও ভয় পান। তাহলে সন্ন্যাসী হওয়া কেন? যারা বিরজা হোম করে নিজের পৈতে পুড়িয়ে গোত্র ত্যাগ করে নিজের শ্রাদ্ধ নিজে করে সন্ন্যাসী হন, তাঁরাও ভয় পান? দেখা যাচ্ছে—পান। তাই সেদিন বৃটিশের রক্তচক্ষুকে ভয় পেয়ে সন্ন্যাসীরা নিবেদিতাকে তাড়ালেন। আর এদিন সিপিএমের রক্তচক্ষুকে ভয় পেয়ে সন্ন্যাসীরা রামকৃষ্ণ মিশনকে অহিন্দু সংখ্যালঘু ঘোষণা করে দিলেন। ইতিহাসের কি পরিহাস। তাই বোধহয় প্রবাদ আছে, আহার নিদ্রা ভয়, যত বাড়াবে ততই হয়। ভয় পেতে শুরু করলে তার শেষ নেই। রামকৃষ্ণ মিশন দেখিয়ে দিল যে ভয়ে বাপের নাম পর্যন্ত পাল্টে ফেলা যায়। যাক, সুপ্রিম কোর্টের রায়ে শেষ পর্যন্ত রামকৃষ্ণ মিশন হিন্দু থেকে গেছে। কিন্তু সুপ্রিম কোর্ট ওই মামলায় এই রায় দিয়েছিলেন সিপিএম সরকারের দায়ের করা মামলায় সিপিএম-এর পক্ষে রায় দিয়ে। তাই রাস্তার চ্যাংড়া ছেলেরা যদি স্লোগান দেয়— "রামকৃষ্ণ মিশনকে হিন্দু করল কে, সি.পি.এম আবার কে", তাহলে সেই স্লোগানকে তথ্যগতভাবে (factually) ভুল বলা যাবে না।

তাই আমার মতে রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পার্থিব ও বৈষয়িক উত্তরাধিকার পেয়েছে। আর ভগিনী নিবেদিতা স্বামীজীর ভাব ও বীরত্বের উত্তরাধিকার পেয়েছেন। অর্থাৎ স্বামীজীর মূল ভাব বেলুড় মঠের ওই ধূপধুনোর ধোঁয়ায় পাওয়া যাবে না। নিঃসন্দেহে রামকৃষ্ণ মিশন বহু সেবা কাজ করেছে। তার অবদানও কিছু কম নয়। কিন্তু তা দিয়ে এই বিশাল সমাজের আত্মবিশ্বাস, আত্মসম্মান ও স্বাভিমানের স্তরটাকে তোলা যায় না। অথচ সেটাই ছিল স্বামীজীর প্রধান কাজ, সেবা নয়। সেই কাজ ভগিনী নিবেদিতা করেছেন। এ জাতির আত্মার জাগরণে, স্বাভিমান বোধের প্রতিষ্ঠায় নিবেদিতার অবদানের সঠিক মূল্যায়ন আজও হয়নি বলেই আমার বিশ্বাস। রবীন্দ্রনাথের নোবেল প্রাপ্তিতে, জগদীশচন্দ্র বোসের বৈজ্ঞানিক গবেষণায়, অবনীন্দ্রনাথ ঠাকুর, নন্দলাল বোস, আনন্দ কুমারস্বামী প্রভৃতি শিল্পীদেরকে ভারতীয় শিল্পে আকৃষ্ট করায়, সর্বোপরি সশস্ত্র সংগ্রামের বিপ্লবীদেরকে অনুপ্রাণিত ও সহযোগিতা করায় ও শ্রীঅরবিন্দকে জাতীয়তাবাদী আন্দোলনে ও সাংবাদিকতায় সহযোগিতা করায় ভগিনী নিবেদিতার অবদান। তার ফলেই জাতীয় জাগরণ।

তাই স্বামী বিবেকানন্দের জন্মের সার্ধ শতবর্ষ উদ্‌যাপনে তাঁর সঠিক মূল্যায়ন এটাই হওয়া উচিত বলে আমি মনে করি।

লাভ জেহাদের শিকার ঃ হারিয়ে গেল পায়েল মন্ডল

মালদা জেলার কালিয়াচক থানার অন্তর্গত সুজাপুর গ্রামের পায়েল মণ্ডলকে অপহরণ করলো লাভ জেহাদ শিকারীরা। পায়েলের বাবা সুজয় কুমার মণ্ডল ও মা অঞ্জনা মণ্ডল প্রশাসনের দ্বারে মাথা ঠুঁকেও পায়েলকে উদ্ধার করতে পারেনি। তারা মালদার এস.পি., মানবাধিকার কমিশন, সংবাদ মাধ্যম, এমনকি মুখ্যমন্ত্রীর দপ্তরেও বিষয়টি জানিয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার কোন ফল হয়নি।

গতবছর ২০১২ সালের ২৭শে ডিসেম্বর পায়েল অপহৃত হয়। কিন্তু পায়েলকে অপহরণের ছক অনেকদিন আগে থেকে তৈরি করেছিল লাভ জেহাদী ওসমান গাজি। এ ব্যাপারে তার প্রধান সহযোগী বাবা আসরাফুল শেখ (মিন্টু), যিনি সুজাপুর গ্রামের কংগ্রেসের সদস্য।

একাদশ শ্রেণীর ছাত্রী পায়েলের জন্য তার বাবা-মা একজন ভালো শিক্ষকের সন্ধান করছিল। সেই সময় পায়েলের বন্ধু নাজিয়া খাতুন পাশের বসত বাড়ি অঞ্চলের জিয়াউল মাস্টারের কাছে পায়েলকে নিয়ে যায়। গরীব পরিবারটি অল্প পয়সায় মাস্টার পেয়ে সেখানেই পায়েলের পড়ার ব্যবস্থা করে। জিয়াউল মাস্টারের কোচিং ক্লাস আসলে হিন্দু মেয়েদের জন্য পাতা এক ফাঁদ। সেই ফাঁদে পায়েল ধীরে ধীরে জড়িয়ে যেতে থাকে। নাজিয়া একদিন নরম মনের পায়েলকে নিজের বাড়ি নিয়ে যায় এবং সেখানে ওসমান গাজির সঙ্গে পায়েলের আলাপ করিয়ে দেয়। ওসমান পায়েলকে প্রেম নিবেদন করলে পায়েল তা প্রত্যাখ্যান করে। কিন্তু ওসমান তার পিছু ছাড়ে না। প্রায়ই পায়েলের কোচিং-এ গিয়ে তাকে বিরক্ত করতো এবং পায়েল তার কথায় রাজি না হলে তাকে জোর করে তুলে নিয়ে যাওয়ার হুমকি দিত। পায়েল বুঝতে পারে সে নাজিয়া-ওসমানদের ফাঁদে পড়ে গেছে। সে বাবা-মা'কে সব কথা জানায় এবং কোচিং-এ যাওয়া বন্ধ করে দেয়। এমন কি বাবা-মা'কে তার বিয়ে দিয়ে দেওয়ার কথাও বলে। এরপর থেকে ওসমানদের অত্যাচার আরও বেড়ে যায়। পায়েলের যাতায়াতের পথে ওসমান তার বন্ধুদের নিয়ে দাঁড়িয়ে থাকতো ও কটূক্তি করতো। তাকে তুলে নিয়ে যাওয়ার হুমকিও একাধিকবার ওসমান গাজি দিয়েছে। শেষে একসময় পায়েলের বাড়ি থেকে বের হওয়াও বন্ধ হয়ে যায়। পায়েলের দাদাকে প্রাণে মারার হুমকিও ওসমান গাজি দেয়। পায়েল তারা বাবাকে বারবার থানায় রিপোর্ট করতে বলে কিন্তু মুসলমানদের হুমকির ভয়ে সুজয়বাবু থানায় যেতে সাহস করেনি। নিরুপায় হয়ে সুজয়বাবু মেয়েকে তার মাসির বাড়ি মুর্শিদাবাদে পাঠিয়ে দেয়।

পায়েলকে তার মাসির বাড়ি পাঠিয়েও মুসলমানদের গ্রাস থেকে তাকে রক্ষা করা যায়নি। ২৭শে ডিসেম্বর ২০১২তে ওসমান গাজি ও তার দলবল মাসির বাড়ির সংলগ্ন অঞ্চল থেকে পায়েলকে অপহরণ করে। তখন পায়েলের বয়স ছিল সতেরো বছর তিন মাস। তারপর থেকে সুজয়বাবু ও অঞ্জনা দেবী থানা-পুলিশ ও প্রশাসনের দ্বারে দ্বারে দীর্ঘ ছয় মাস ধরে ঘুরছেন কিন্তু এখনও পর্যন্ত পায়েলকে উদ্ধার করা সম্ভব হয়নি। কোথাও কোথাও প্রশাসনের অসহযোগিতা সুজয়বাবুকে অবাক করেছে। মালদার এস.পি.-র বক্তব্য ১৮ বছর হলে আপনার মেয়ে বাড়ি ফিরে আসবে। তার আগে কিছু করা আমাদের পক্ষে সম্ভব নয়। এমন কি মুখ্যমন্ত্রীর দপ্তর থেকেও বারবার ব্যর্থ হয়ে ফিরে আসতে হয়েছে সুজয়বাবুকে। গত ছয় মাসে তারা আশ্বাস দেওয়া ছাড়া আর কিছু করেনি।

এমন অবস্থায় গত সপ্তাহে সুজয়বাবু ও অঞ্জনা দেবী হিন্দু সংহতির কেন্দ্রীয় কার্যালয়ে এসে সংহতি সভাপতি তপন ঘোষের সঙ্গে দেখা করেন। শ্রীঘোষ তৎক্ষণাৎ বিষয়টি ইন্টারনেটের মাধ্যমে সর্বত্র জানিয়ে দেন। প্রশাসনের উপর চাপ সৃষ্টি করে দ্রুত পায়েলকে উদ্ধারের চেষ্টা করা হচ্ছে। পায়েলকে কত সময়ের মধ্যে উদ্ধার করা সম্ভব হবে তা এখনই বলা যাচ্ছে না, কিন্তু তপন ঘোষের তৎপরতায় প্রশাসনও যে নড়েচড়ে বসেছে, তার প্রমাণ ইতিমধ্যেই পাওয়া গেছে।

জমি নিয়ে বিরোধের জের

মুসলমানদের মারে আহত গৃহবধূ

উত্তর দিনাজপুর জেলার করণদিঘি থানার মহেশপুর অঞ্চলে ভূটারু বর্মন নামে এক ব্যক্তির সঙ্গে ঐ অঞ্চলের কমল সিং নামক এক ব্যক্তির একটি জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল। এই নিয়ে ১৬ই মে উভয় পক্ষের তুমুল বচসা হয়। এরপর সকাল ৯টার সময় ভটারু বর্মন রাসাখোওয়া মার্কেটে বাজার করতে গেলে স্থানীয় তৃণমূলের এক মুসলিম নেতার নেতৃত্বে কিছু দুষ্কৃতি ভটারু বর্মণের বাড়িতে চড়াও হয়। তারা ভটারুবাবুর স্ত্রী ও বড় বৌমাকে প্রচণ্ড মারধোর করে। লোহার রড দিয়ে মেরে তার স্ত্রীর মাথা ফাটিয়ে দেয় ও বড় বৌমার পায়ে হাঁসুয়া দিয়ে কোপ মারে। রক্তাক্ত অবস্থায় তাদের ফেলে দুষ্কৃতিরা চলে যায়। খবর পেয়ে ভটারু বর্মন এসে দেখে তার স্ত্রী ও বড় বৌমা রক্তাক্ত অবস্থায় পড়ে আছে, ঘরের জিনিসপত্র সব ভেঙেচুরে পড়ে আছে। শুধু তাই নয় বেশ কিছু জিনিসপত্র, টাকাপয়সা দুষ্কৃতিরা লুঠ করে নিয়ে গেছে। হাসপাতালে স্ত্রী ও বৌমাকে নিয়ে গেলে সেখানে বলে এটা পুলিশ কেস। সেই মতো ভটারুবাবু করণদিঘি থানায় অভিযুক্তদের বিরুদ্ধে একটি এফ.আই.আর. দায়ের করে। কিন্তু থানার অফিসার কাদের উল্টে ভটারু বর্মনকে শাসায়।

এরপর তিন চারদিন কেটে গেলেও অভিযুক্তদের বিরুদ্ধে পুলিশ কোন ব্যবস্থা নেয়নি, উপরন্তু এদের করা অভিযোগও ফেরত দিচ্ছে না। এর কারণ হল অভিযুক্ত সাহাফজ, (পিতা নৈমুদ্দীন) নামক দালালের হয়ে থানার অফিসার কাদের কাজকর্ম করে। তাই তাদের দিয়ে একটি ভুয়ো কেস ভটারুর বিরুদ্ধে করে তাকে গ্রেপ্তারের ভয় দেখায়। অসহায় গরিব পরিবারটি পুলিশের কাছে সুবিচার না পেয়ে শেষে এস.পি-র দ্বারস্থ হয়। এখন দেখার প্রশাসনের উচ্চমহলে ভটারু বর্মন কতখানি সুবিচার পায়।

কালিকাপুরে জোর করে শোভাযাত্রা বন্ধ করল মুসলমানেরা

মালদা জেলার মুসলিম অধ্যুষিত কালিয়াচকে হিন্দুদের স্বাভাবিক জীবনযাপন সম্পূর্ণরূপে বিধ্বস্ত। এই অঞ্চলে মুসলমানদের অত্যাচার দিন দিন বেড়েই চলেছে। কিছুদিন আগে এই অঞ্চলের পায়েল মন্ডলকে অপহরণ করে মুসলিম দুষ্কৃতিরা। এবার তারা হিন্দুদের ধর্মীয় অধিকারকে সঙ্কুচিত করতে উঠে পড়ে লেগেছে।

গত ১৫ই মে কালিয়াচক থানার কালিকাপুর গ্রামে শিবপূজা উপলক্ষে দিনের বেলায় একটি শোভাযাত্রা বের করা হয়। হিন্দু প্রধান এই গ্রামটিতে মাত্র চার-পাঁচ ঘর মুসলমানের বাস। সকাল ১০টার সময় যখন এই শোভাযাত্রা মুসলিমদের ঘরের সামনে দিয়ে যাচ্ছিল তখন মুসলমানরা ঐ শোভাযাত্রায় বাধার সৃষ্টি করে। মুসলমানদের বক্তব্য, তাদের ঘরের সামনে দিয়ে হিন্দুদের কোন শোভাযাত্রা যেতে পারবে না। হিন্দুরা মুসলমানদের কথা মানতে রাজি হয়নি। তারা ঐ পথ দিয়ে জোর করে শোভাযাত্রা নিয়ে যেতে গেলে মুসলমানদের সঙ্গে তাদের প্রথমে বচসা বাঁধে, পরে তা ঠেলাঠেলিতে পরিণত হয়। এমন সময় এই শোভাযাত্রার মুখ্য ব্যক্তি করুণা মণ্ডলকে কাসেম খান ও তার ছেলে ভোলা খান প্রচণ্ড মারধোর করে। দারুণভাবে আহত করুণাবাবুকে কালিয়াচক হাসপাতালে ভর্তি করতে হয়। তিনদিন তিনি হাসপাতালে ভর্তি ছিলেন। এই ঘটনায় হিন্দুরা ভয় পেয়ে যায় এবং শোভাযাত্রাটি বন্ধ করে দেয়। হিন্দু সংহতির কর্মী মুকুন্দ কোলে গ্রামবাসীদের কাছে প্রশ্ন করে, তারা রুখে দাঁড়ালো না কেন, একথা জানতে চাইলে উত্তরে গ্রামবাসীরা বলে প্রতিবাদ করার মতো সাহস তাদের নেই। কারণ কালিকাপুর গ্রামটি হিন্দু প্রধান হলেও তার আশেপাশের গ্রামগুলো মুসলিম অধ্যুষিত। এর আগে মুসলিম দুষ্কৃতিদের দ্বারা বহুবার অত্যাচারিত হিন্দুরা পুলিশকে জানিয়ে কোন ফল পায়নি। রাজনৈতিক দলগুলো ও প্রশাসন সম্পূর্ণভাবে মুসলমানদের কাছে নতিস্বীকার করেছে। তাই অত্যাচার ও ধর্মীয় অপমানটা কালিকাপুরের হিন্দুরা নীরবে হজম করতে বাধ্য হয়েছে।

বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের ধর্মস্থান আক্রান্ত

কিশোরগঞ্জের মন্দিরে হামলা চালিয়ে ৭টি মূর্তি ভাঙল দুর্বৃত্তরা

মুসলিম দুর্বৃত্তের আক্রমণে মন্দিরের ভাঙা মূর্তি

বাংলাদেশের কিশোরগঞ্জ জেলার হোসেনপুরে গত ২৯শে মে বুধবার ভোরে শত বছরের ঐতিহ্যবাহী একটি মন্দিরে দুর্বৃত্তরা হামাল চালিয়ে ৭টি দেবদেবীর মূর্তি ভাঙচুর ও মূর্তির গায়ের কাপড় আগুনে পুড়িয়ে দেয়। এতে সংখ্যালঘু হিন্দুরা আতঙ্কিত হয়ে পড়েছে। তারা এই ঘটনার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে জড়িতদের শাস্তির দাবী জানিয়েছে। খবর পেয়ে জেলাশাসক মোঃ সিদ্দিকুর রহমান, পুলিশ সুপার আনোয়ার হোসেন খান ও জেলা পূজা কমিটির সভাপতি আইনজীবী ভূপেন্দ্র ভৌমিক ঘটনাস্থল পরিদর্শন করেন।

জানা গেছে, উপজেলার আড়াইবাড়িয়া ইউনিয়নের পূর্ব দীপেশ্বর গ্রামের শত বছরের প্রাচীন শ্রী শ্রী কুলেশ্বরী বাড়ি দেবালয়ে কৃষ্ণমন্দির ও কালীমন্দিরে সংখ্যালঘু হিন্দুরা দীর্ঘ দিন ধরে পূজা করে আসছিল। বুধবার সকালে পুরোহিত রতন কুমার চৌধুরী অন্যদিনের মতো পূজা দিতে গিয়ে কৃষ্ণ মন্দিরের সাতটি মূর্তির মাথা ও হাত ভাঙা অবস্থায় দেখতে পান। পুরোহিত জানায়, দীর্ঘ ২৫ বছর ধরে সে এখানে পূজা অর্চনা করলেও এর আগে এমন ঘটনা ঘটেনি। মন্দির কমিটির সভাপতি পরেশ চন্দ্র মোদক ও সম্পাদক দীপক চন্দ্র মোদক বলেন, মন্দিরে পাহারাদার নিয়োজিত না থাকায় দুর্বৃত্তরা রাতের আঁধারে হামলা চালিয়ে কৃষ্ণ মন্দিরের রাধা, কৃষ্ণ, গৌর, নিতাই, অদ্বৈত গোঁসাই ও নিত্যানন্দের ৭টি মূর্তির মাথা ও হাত ভাঙচুর করে। এ সময় তারা মূর্তির গায়ের কাপড় আগুনে পুড়িয়ে দেয়। পুলিশ সুপার ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত চিহ্নিত করে তাদের গ্রেপ্তার ও কঠোর শাস্তি দেওয়ার কথা বলেন। যদিও এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

ভোলায় মন্দিরে হামলা, প্রতিমা ভাঙচুর

ভোলার লালমোহন উপজেলায় মন্দিরে হামলা চালিয়ে আটটি প্রতিমা ভাঙল মুসলিম দুর্বৃত্তরা। এদের আক্রমণে মন্দিরের সেবাইত সহ তিনজন বাংলাদেশী আহত হয়েছে। ৩১শে মে শুক্রবার দুপুর সাড়ে বারোটার সময় অন্নদাপ্রসাদ গ্রামে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় জড়িত সন্দেহে তিনজনকে আটক করেছে পুলিশ। আটক ব্যক্তিরা হলেন জসিমউদ্দীন, মোবারক হোসেন ও রিয়াজ হোসেন।

পুলিশ ও এলাকাবাসীর বিবরণ অনুযায়ী, একটি গরু অন্নদাপ্রসাদ গ্রামের নিরঞ্জন চন্দ্র দাসের খেতের ট্যাঁড়স খায়। এ নিয়ে গরুর মালিক আলি আহমেদ ব্যাপারীর সঙ্গে নিরঞ্জনের স্ত্রী ঝর্ণা দেবীর কথা কাটাকাটি হয়। এই সময় আলী আহমেদ ঝর্ণা দেবীকে মারধোর করে। তখন পাশের মন্দিরের সেবাইত কিরণচন্দ্র এগিয়ে এসে আলীকে বাধা দেবার চেষ্টা করে। এর জেরে আলীর নেতৃত্বে ১৫-২০ জন মুসলমান মন্দিরে হামলা চালায়। মন্দিরের আটটি প্রতিমা তারা ভাঙচুর করে। সেবাইত কিরণচন্দ্র তার মা বিরঙ্গনী বৈষ্ণব ও ভাইয়ের স্ত্রী ববিতা দাসকে মারধোর করায় তারা গুরুতর অসুস্থ হয়ে পড়ে।

জয়নগরে বালিকার শ্লীলতাহানির অপচেষ্টা রুখল সংহতি কর্মীরা

দক্ষিণ ২৪ পরগণার জয়নগর থানার অন্তর্গত দুর্গাপুর মিস্ত্রিপাড়ার বাসিন্দা বাদল দাসের কন্যা ১৪ বছরের বকুল দাস সন্ধ্যে সাতটা নাগাদ টিউশান পড়তে যাচ্ছিল। পথে কতকগুলো মুসলমান ছেলে তাকে উত্যক্ত করতে থাকে। বকুল প্রতিবাদ করা সত্ত্বেও মুসলমান ছেলেগুলো তার পিছু নেয়। এদের মধ্যে একজন সামসুদ মোল্লা (পিতা জালাল মোল্লা) বকুলের ব্যাগের মধ্যে একটি মোবাইল ফোন ঢুকিয়ে দেয়। তারপর সামসুদ ও অন্যান্য মুসলমান ছেলেরা মোবাইল চাওয়ার নাম করে বকুলের গায়ে হাত দেয়। সামসুদ মোল্লা বকুলকে কুপ্রস্তাব দিলে সে মুসলমান ছেলেদের প্রকৃত উদ্দেশ্য বুঝতে পেরে চিৎকার করে সাহায্য চায়। তার চিৎকারে মুহূর্তে এলাকার লোক জড়ো হয়ে যায়, যার মধ্যে কয়েকজন হিন্দু সংহতির কর্মীও ছিল। সংহতি কর্মীরা ব্যাপারটা যখন বকুলের থেকে শুনে মুসলমান ছেলেদেরকে তার কাছে ক্ষমা চাইতে বলে। কিন্তু তারা ক্ষমা চাইতে ইতঃস্তত করলে সংহতি কর্মীরা তাদের বেশ কয়েকটা চড়-থাপ্পড় মারে। শেষে ছেলেগুলো মৌখিকভাবে ক্ষমা চেয়ে নিলে তাদেরকে ছেড়ে দেওয়া হয়। সাধারণত এসব ক্ষেত্রে মুসলমানরা তাদের এলাকা থেকে দলবল নিয়ে এসে চড়াও হয়, কিন্তু দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে সংহতি কর্মীদের ভয়ে তারা কোনরকম দাপট দেখাতে পারেনি। সংহতি কর্মীরা এলাকায় সচেষ্ট থেকে মুসলমানদের সমস্ত রকম অসামাজিক কাজে বাধা দিচ্ছে। এলাকার মানুষও সংহতি কর্মীদের উপর আস্থা রাখতে শুরু করেছে।

বারুইপুরে জমি দখলকে কেন্দ্র করে বিরোধ

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ১ নং পঞ্চায়েতের অন্তর্গত শিখরবালি গ্রামে গত ২১শে এপ্রিল এক ফুটবল ম্যাচকে কেন্দ্র করে হিন্দু-মুসলমানদের ব্যাপক মারপিট হয়। খেলা চলাকালীন একটি মুসলিম ছেলে হিন্দু ছেলেদের হুমকি দিতে তাকে সতর্ক করা হয়। এই নিয়ে মুসলমান ছেলেরা প্রতিশোধ নেওয়ার চেষ্টা করলে গণ্ডগোলের সূত্রপাত হয়।

ঘটনার সূত্রপাত, যে মাঠটিতে খেলা হচ্ছিল সেটি মুসলমান গ্রামের ঠিক উল্টো দিকে, যেটি একটি খাস জমি ছিল বৈদ্যনাথ মণ্ডল নামক এক চাষীর যার বাড়ি প্রামাণিক পাড়া-সর্দার পাড়ায়। কিন্তু ২০১১ সালে এই খাসজমিটি বৈদ্যনাথ মণ্ডলের কাছ থেকে রফিক মণ্ডল ও রশিদ মণ্ডল নামে দুই ভাই কেড়ে নেয় এবং জমিটিকে একটি খেলার মাঠ করে দেয়। কিন্তু গ্রামের সাধারণ হিন্দুরা মনে করে যে জমিটিকে খেলার মাঠ করার পিছনে মুসলমানদের চক্রান্ত কাজ করছে। ঐ জমিতে একটি মসজিদ তৈরি করার পরিকল্পনা তাদের আছে। ঘটনার দিন, খেলা চলাকালীন মুসলমান ছেলেটি হিন্দু বিদ্বেষী কথা বললে, তাকে দু-চারটে চড় মেরে সতর্ক করা হয়। ছেলেটি তখন নিকটবর্তী কুমারহাট পি.ও. মসজিদে গিয়ে বিষয়টি জানালে সেখান থেকে প্রায় পাঁচশো মুসলমান ছেলে অস্ত্রশস্ত্র নিয়ে হিন্দু ছেলেদের ও প্রামাণিক পাড়া-সর্দার পাড়ায় হিন্দুদের শায়েস্তা করতে দলবেঁধে আসে। কিন্তু হিন্দু সংহতির কর্মীরা রুখে দাঁড়ায় এবং গ্রামের সাধারণ হিন্দু পুলিশে খবর দিলে তৎক্ষণাৎ ঘটনাস্থলে পুলিশ আসে। পুলিশের প্রচেষ্টায় দাঙ্গা বাঁধতে পারেনি। কিন্তু মুসলিমরা ফিরে যাওয়ার সময় দেখে নেওয়ার হুমকি দিয়ে যায়।

এই হুমকি যে কত ভয়ঙ্কর ছিল তার প্রমাণ পাওয়া যায় ২২শে এপ্রিল যখন প্রায় দুহাজার মুসলমান অস্ত্র সহ হিন্দু গ্রাম আক্রমণ করতে উদ্যত হয়। কিন্তু হিন্দুদের শক্ত প্রতিরোধের মুখে তারা কিছু করে উঠতে পারেনি।

এলাকার সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য ২৩ তারিখ বারুইপুর থানায় এক শান্তি বৈঠক ডাকা হয়। যদিও এই বৈঠকে হিন্দুরা উপস্থিত হলেও মুসলমানরা এই বৈঠকে যোগ দেয় নি। এলাকায় প্রবল উত্তেজনা রয়েছে। মুসলমানরা কিছু করতে না পেরে এলাকায় রটিয়ে বেরাচ্ছে পঞ্চায়েত ভোট মিটে গেলে তারা ঐ খাস জমি দখল করবে ও তাদের উদ্দেশ্য পূরণ করবে।

বৈধ জমিতে বেড়া দেওয়াকে কেন্দ্র করে বিবাদ

আহতের সংখ্যা দশের অধিক

হাওড়া জেলার বাগনান থানার অন্তর্গত কাটাপুকুর গ্রামে বলরামপুর মৌজার সংযোগস্থলে শ্মশানসহ ষোলআনার একটি সম্পত্তি আছে। জায়গাটি যাতে বেদখল হয়ে না যায় সেই কারণে গত ২রা জুন দুপুরবেলা অঞ্চলের স্ত্রী-পুরুষ সকলে জায়গাটিতে বেড়া দেওয়ার জন্য সেখানে উপস্থিত হয়। সেই সময়ে হঠাৎ সেখ মান্নান আলি, শেখ মর্তাজ আলি (উভয়ের পিতা হাসান আলি), মিলন শা (পিতা সেখ সওকত আলি), সেখ জুম্মান (পিতা কুবেন), সেখ আনোয়ার (পিতা সেখ জয়নাল), মাধু শা, কোহিনূর খাতুরন, সেখ রাজু, শুকুর শা, সেখ তারু, সেখ জয়নাল, বাবলু শা, সেখ বাপি, আসগার শা সহ প্রায় শতাধিক মুসলমান (এদের প্রত্যেকের ঠিকানা কাঁটাপুকুর গ্রাম, বাগনান থানা) অস্ত্রশস্ত্র নিয়ে হিন্দুদের আক্রমণ করে। তাদের হাতে লাঠি, তলোয়ার, লোহার রড, অ্যাসিড, লঙ্কার জল, ইট ছিল। মুসলিমরা অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে ও হিন্দুদের বেড়া দেওয়ার কাজে বাধা দেয়। যেটুকু বেড়া দেওয়া হয়েছিল সেটুকুও তারা ভেঙে দেয়। হিন্দুরা এর বিরুদ্ধে প্রতিবাদী হলে উপস্থিত মুসলমান দুষ্কৃতিদের মধ্যে সেখ মান্নান আলি, সেখ আনোয়ার, সেখ তরু অন্যান্যদের নির্দেশ দেয় যে, শালাদের একেবারে জানে খতম করে দে। এর পরই মুসলমানরা অস্ত্রশস্ত্র নিয়ে হিন্দুদের উপর ঝাঁপিয়ে পড়ে। মানিকলাল জানা, শ্যামলী জানা, সৌমিত্র জানা, গোপাল ধাড়া, সীমা ধাড়া, লক্ষ্মী জানা, ভীষ্ম দাস, সন্তোষ খাঁড়া গুরুতর জখম হয়। এছাড়া অনেকেই কম বেশি মুসলমানদের আক্রমণে আহত হয়েছে। লক্ষ্মী জানা ও সীমা ধাড়ার শ্লীলতাহানি করে মুসলিম দুষ্কৃতিরা। যাওয়ার আগে মুসলিম দুর্বৃত্তরা হুমকি দিয়ে যায় যে আবার বেড়া দেওয়ার চেষ্টা করলে এলাকায় তারা রক্তগঙ্গা বইয়ে দেবে।

এই আক্রমণের প্রতিবাদে স্থানীয় হিন্দুরা বাগনান থানায় একটি ডাইরি করে (ডাইরি নং ৯৮/১৩, ২-৬-১৩)। জখম ব্যক্তিদের বাগনান হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসা করা হয়। কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদেরকে উলুবেড়িয়া হাসপাতাল ও নার্সিংহোমে ভর্তি করা হয়। এদের মধ্যে এখনও কয়েকজন চিকিৎসাধীন। পুলিশের উচ্চমহলে বিষয়টি জানানো হয়েছে। পুলিশ দুষ্কৃতিদের বিরুদ্ধে কত দ্রুত আইনি ব্যবস্থা নেয়, এখন সেটাই দেখার।

লালসার শিকার আট বছরের নাবালিকা

কলকাতার উপকণ্ঠে কসবা থানার অন্তর্গত ১৬৯৭, রাজডাঙ্গা মেন রোডের সি.এম.ডি.এ., প্লট নং এম.আই.জি. ১১৩/৮৯, কলকাতা ১০৭-এর একটি নির্মীয়মান চারতলা বাড়ির কেয়ারটেকারের কাজ করে অমর সর্দার। ঐ বাড়ির একতলায় অমরবাবু তার স্ত্রী ও চার ছেলেমেয়ে নিয়ে থাকে। গত ৭ই মে অমর সর্দার ও গঙ্গা সর্দারের ৮ বছরে নাবালিকা মেয়ে সোনালি সর্দারকে ধর্ষণের শিকার হতে হল।

ঘটনার দিন সকাল ১০টা নাগাদ গঙ্গাদেবী কাজ থেকে ফিরে রান্না করছিলেন। ছোট ছেলে অনুভবকে দেখতে না পেয়ে মেয়ে সোনালিকে তাকে খুঁজতে বলে। খুঁজতে খুঁজতে সোনালি বাড়ির ছাদে আসে, যেখানে চারজন রঙের মিস্ত্রি কাজ করছিল। তারা জানায় যে অনুভব নীচে গেছে। সোনালি নীচে নেমে এলে ঐ রঙের মিস্ত্রিদের একজন মুসারফ শেখ (৩৪), বাবা আয়ুব আলি শেখ তার পিছনে নেমে আসে এবং তিনতলার একটি ফাঁকা ঘরে সোনালিকে ঢুকিয়ে দেয়। তারপর আপন যৌন লালসা তৃপ্ত করতে সোনালির উপর ঝাঁপিয়ে পড়ে মুসারফ। ৮ বছরের সোনালি নিজেকে বাঁচাতে মুসারফের মুখে গায়ে ঘুষি মারতে থাকে। কিন্তু নিজেকে মুসারফের হাত থেকে বাঁচাতে না পেরে সে তার দাড়ি ধরে টানে। তখন মুসারফ সোনালিকে ছেড়ে দিলে তার হাত থেকে কোনমতে ছাড়িয়ে সোনালি নীচে নেমে এসে মা'কে ঘটনাটা বলে। তখন গঙ্গাদেবী চিৎকার করে আশেপাশে লোকজন জড়ো করে মুসারফের কুকীর্তির কথা তাদের জানায়। তখন মুসারফ পালানোর চেষ্টা করলে এলাকাবাসীরা তাকে ধরে ফেলে। তারপর তাকে বেদম মার দিয়ে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। জিয়ারুল শেখ নামক আরও এক মিস্ত্রি এই অন্যায় কাজে মুসারফকে সাহায্য করেছিল। পুলিশ পরে জিয়ারুল শেখকেও গ্রেপ্তার করেছে।

ধীরে ধীরে মুসলমানদের কবলে চলে যাচ্ছে

হিন্দুদের পবিত্র তীর্থক্ষেত্র গঙ্গাসাগর

গঙ্গাসাগর মেলা হিন্দুদের এক পবিত্র তীর্থ উৎসব। কথায় বলে যে 'সব তীর্থ বারবার গঙ্গাসাগর একবার'। যে মেলাকে কেন্দ্র করে মকর সংক্রান্তির দিন সারা ভারত, এমনকি ভারতের বাইরে থেকেও লক্ষ লক্ষ হিন্দু তীর্থযাত্রী পুণ্যস্নানের জন্য এখানে আসেন। একমাত্র কুম্ভ মেলা ছাড়া পৃথিবীর আর কোথাও কোনো ধর্মীয় উৎসবকে কেন্দ্র করে এত লোকের সমাবেশ হয় না। সরকারী ব্যবস্থায় মেলা সাজিয়ে তোলা হয়, গড়ে তোলা হয় অস্থায়ী যাত্রীনিবাস। স্বেচ্ছাসেবী সংগঠন গুলোর ব্যবস্থায় প্রায় সাতদিন ধরে চলে বিভিন্ন সেবামূলক কাজ। শুধু তাই নয় এই সময় একটা বড় ব্যবসায়ীক অঞ্চলে পরিণত হয় গঙ্গাসাগর। অনেক মানুষের সারা বছরের জীবিকা চলে এই সময়ে করা উপার্জিত অর্থে। পুণ্যতীর্থ গঙ্গাসাগর মেলা শেষ হওয়ার কয়েকমাস পর যখন হিন্দু সংহতির কর্মীরা গঙ্গাসাগরে যায়, গিয়ে কয়েকটি অদ্ভুত দৃশ্য তাদেরকে হতবাক করে দেয়। প্রথমতঃ মেলা প্রাঙ্গণে ঢোকার মুখে ৫ নং রাস্তার মুখে দেখা যায় পুরো রাস্তা জুড়ে মুসলমান মজলিসের জলসার গেট। স্থানীয় মানুষের কথা অনুযায়ী কুড়ি দিন আগে ইসলামিক জলসাটি শেষ হয়ে গেছে, কিন্তু গেটটি তারা খোলেনি। এই না খোলার কারণ হল অঞ্চলে বর্তমানে মুসলিমদের আধিপত্য বিস্তার হয়েছে তা প্রমাণ করা। গঙ্গাসাগর হিন্দুদের পবিত্র তীর্থস্থান হতে পারে কিন্তু এলাকাটি পুরোপুরি মুসলমানদের দখলে চলে গেছে। হয়ত এমন দিন আসবে যেদিন হিন্দুদের পবিত্র মকর সংক্রান্তির উৎসবকে কেন্দ্র করে পুণ্যস্নান উৎসব বন্ধ হয়ে যাবে।

নির্মীয়মান জলসার তোরণ। গঙ্গাসাগর।

ইয়াকুব মল্লিকদের মতো মুসলিমদের নেতৃত্বে আশ্চর্যজনকভাবে ৫ নং বাসস্ট্যান্ড থেকে শুরু করে পশ্চিম দিকে হেলিপ্যাড অঞ্চল পর্যন্ত রাস্তার দুদিকে মুসলিম বস্তি বা কলোনি গজিয়ে উঠেছে। এছাড়াও সাগর থানার মেলার পুলিশ ফাঁড়ির সামনে 'হঠাৎ কলোনী' নামে একটি ভয়ঙ্কর মুসলিম বস্তি গজিয়ে উঠেছে। এই কলোরী অধিকাংশ মুসলমানই দুষ্কৃতি ও অসামাজিক কাজকর্মের সঙ্গে যুক্ত। চুরি, ছিনতাই, ডাকাতি এদের পেশা। এরা সবাই ধোলা, ঘোরমরা, মৌসুমি দ্বীপের অধিবাসী। এদের দাপটে মাঝেমধ্যে তীর্থযাত্রীদের হার ছিনতাই ও শ্লীলতাহানির ঘটনা ঘটছে। এই কলোনী গুলোতে যেসব মুসলমানেরা বসবাস করে তাদের কারোরই ভারতীয় নাগরিকত্বের বৈধ কাগজ নেই। এ সমস্ত ঘটনা প্রশাসন বা রাজনৈতিক দলগুলির অজানা নয়। তবু তাদের ত রফ থেকে এদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয় না।

গঙ্গাসাগরে গজিয়ে ওঠা এই সেই হঠাৎ কলোনী

মুসলমানদের অশালীন আচরণে ভেস্তে গেল পূজা উপলক্ষে সামাজিক অনুষ্ঠান

বাগনান থানার সাবসিট অঞ্চলের গাদিপাত্র পাড়ায় গত ২৫শে মে কালীপূজা হয়। পূজা উপলক্ষে ২৬শে মে সন্ধ্যায় অঞ্চলের অধিবাসীরা একটি অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান শুরুর সময় পাশের অঞ্চলের মুসলমানরা এসে ঝামেলা শুরু করে। লাইট ভেঙে দেয় ও মেয়েদের সঙ্গে অশালীন আচরণ করে। এলাকার হিন্দুরা এই ঘটনার প্রতিবাদ করে এবং সমস্ত দুষ্কৃতিদের মেরে তাড়িয়ে দেয়। পরদিন ২৭শে মে হিন্দুরা সাবসিট বাজারে গেলে মুসলমানরা তাদের মারধোর করে। দুজনের মাথা ফাটিয়ে দেয়। এই ঘটনার পর বাগনান থানায় মুসলমানদের বিরুদ্ধে একটি ডাইরি করা হয়। পরে অঞ্চলের নেতারা এসে ব্যাপারটা মিটমাট করে দেয়।

কাকদ্বীপে হিন্দু ব্যবসায়ীর উপর হামলা

কথায় বলে 'দুর্জনের ছলের অভাব হয় না' তারই নজির দেখা গেল কাকদ্বীপের উকিলের বাজারে এক মুদিখানার দোকানে। গত ২৭শে মে শেখ মুরশেদ ও তার দলবল নিয়ে প্রণয় দত্তের দোকানে যায় কিছু মাল কেনার নাম করে। দোকানদারকে বিরক্ত করার জন্য ৫০০ গ্রাম সরষের তেলের প্যাকেটের দাম কত জিজ্ঞাসা করে দোকানদার যথারীতি উপযুক্ত দাম বলে কিন্তু মুরশেদ বলে প্যাকেটে ৪৫০ গ্রাম ওজন লেখা আছে কিন্তু সে ৫০০ গ্রামের দাম কেন নিচ্ছে? তখন ষাট উর্দ্ধের প্রণয়বাবু বলেন এটা কোম্পানীর ব্যাপার তারা যে ভাবে দাম ঠিক করেছে আমরা সে ভাবে দাম নিচ্ছি, তোমার যদি কোনও আপত্তি থাকে তাহলে কোম্পানীকে বল। আর যদি অন্য কোনও অসুবিধা থাকে তাহলে আমার দোকান থেকে মাল নিতে হবে না। আমি ঐ দামের কম নিতে পারব না। তখন মুরশেদ প্রণয়বাবুকে সজোরে থাপ্পড় মারলে উনি মাথা ঘুরে মাটিতে পড়ে যান। তারপর দোকানের এক কর্মচারী এই ব্যাপারে প্রতিবাদ করলে তার উপর মুরশেদ তার দলবল নিয়ে চড়াও হয় ও দোকান লণ্ডভণ্ড করে চলে যায়। যাওয়ার আগে হুমকি দিয়ে যায় তারা যে ভাবে বলবে শুনতে হবে, না হলে তাদের কপালে দুঃখ আছে। এই ঘটনায় তারা পুলিশের কাছে যেতে ভয় পায়।

রসুইগ্রামে আদিবাসী যুবককে মারধোর প্রতিবাদে সামিল হল না প্রশাসন

উত্তর ২৪ পরগণার চাতড়া পঞ্চায়েতের বাদুড়িয়ার থানার অন্তর্গত রসুইগ্রামে হালিম মন্ডল নামক এক ব্যাক্তির আমবাগান আছে। সেই আমবাগানের পাহারার কাজ করে উৎপল সর্দার (পিতা লক্ষ্মণ সর্দার) নামে ২০ বছরের এক আদিবাসী যুবক। এই সময় স্থানীয় কিছু মুসলমান যুবক তাদের শস্যক্ষেত্র নষ্ট হচ্ছে বলে উৎপলকে বেদম প্রহার করে। যদিও এর সঙ্গে তার কোন যোগ নেই। উদ্দেশ্যমূলক ভাবেই তাকে মারধোর করা হয় বলে এলাকাবাসীর ধারণা। প্রচণ্ড মার খেয়ে উৎপল অসুস্থ হয়ে পড়ে। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে প্রাথমিক চিকিৎসার পর তাকে ছেড়ে দেওয়া হয়।

লক্ষ্মণ সর্দার তাদের আদিবাসী পাড়ায় ঘটনাটি জানালে তারা দলবল নিয়ে রসুইগ্রামে হাজির হয় এবং বেশ কিছু লোককে মারধোর করে। এতে মুসলমানরা থানায় ডাইরি করলে পুলিশ এসে তাদের ধরে নিয়ে যায়। মুসলমানরা ক্ষতিপূরণ বাবদ কয়েক হাজার টাকার এদের কাছে দাবি করেছে। প্রশাসন এই গরিব আদিবাসীদের ৭০ হাজার টাকা জরিমানা করেছে। এরা রাজনৈতিক নেতাদের কাছে গেলে কোন দলই এদের পাশে এসে দাঁড়ায়নি। স্বপন মন্ডল, বুম্বা, সরজিৎ ঘোষ, জয় মুরাই সর্দার-এর নামে কেস দায়ের করা হয়েছে। মুসলমান তোষণের এক নমুনা দেখা গেল রসুই-এর ঘটনায়।

নোয়াখালিতে মৌলবাদীদের হাতে আক্রান্ত হিন্দু পরিবার

বাংলাদেশে মৌলবাদী মুসলমানদের অত্যাচার দিন দিন বেড়েই চলেছে। সরকার-প্রশাসনের কাছে জানিয়েও সংখ্যালঘু হিন্দুরা কোন সুবিচার পাচ্ছে না। এরকম আতঙ্কের মধ্যেই তাদের দিন কাটাতে হচ্ছে।

সম্প্রতি বাংলাদেশের নোয়াখালিতে মৌলবাদী জামাত দুর্বৃত্তদের দ্বারা আক্রান্ত হল এক হিন্দু পরিবার। রাতের অন্ধকারে দুর্বৃত্তরা পরিবারটির উপর ঝাঁপিয়ে পড়ে। তাদের আক্রমণ থেকে দুধের শিশুও বাদ যায়নি। তাকেও চপার দিয়ে কুপিয়ে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। এই ঘটনা এলাকার সংখ্যালঘুদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করেছে। প্রশাসনের আশ্বাস সত্ত্বেও গ্রামগুলো ধীরে ধীরে হিন্দু শূন্য হয়ে পড়ছে। কারণ প্রশাসনের মৌখিক আশ্বাসে তাদের আর বিশ্বাস নেই।

নোয়াখালিতে জামাত দুর্বৃত্তদের দ্বারা নিহত শিশু

বর্তমানে বাংলাদেশের গ্রামগুলোতে হিন্দুদের অবস্থা শোচনীয়। তাদের জীবন ও সম্পত্তির কোন নিরাপত্তা নেই। প্রশাসনের কাছে এ বিষয়ে জানালেও তারা চোখ বন্ধ করে রয়েছে। মানবাধিকার কমিশনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে ইসলামিক অত্যাচার বেড়েই চলেছে। এভাবে চলতে থাকলে আগামীদিনে বাংলাদেশে হিন্দুদের ভবিষ্যত কি তা সহজেই অনুমেয়।

ইন্টারনেটে হিন্দু সংহতি <www.hindusamhati.org>, <www.hindusamhatitv.blogspot.com>, <southbengalherald.blogspot.com>, Email : hindusamhati@gmail.com

PRINTER & PUBLISHER : TAPAN KUMAR GHOSH, ON BEHALF OF OWNER TAPAN KUMAR GHOSH, PRINTED AT MAHAMAYA PRESS & BINDING, 23 Madan Mitra Lane, P.S. : Amherst Street, Kolkata - 700 006,
Published at : 393/3F/6, Prince Anwar Shah Road, Flat No. 8, 4th Floor, Police Station Jadavpur, Kolkata 700 068, South 24 Pargans,
Editor's Name & Address : Bikarna Naskar, 5, Bhuban Dhar Lane, Kolkata - 700 012